

নং- ০৫.৪৩.৬৪৬০.০০০.১৮.০০২.২০২৩-১৮৭

তারিখ:-০৪/০৭/২০২৩ খ্রিঃ।

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও দর্শনকে উপজীব্য করে “আমার চোখে বঙ্গবন্ধু” বিষয়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার জাতীয় প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। নওগাঁ সদর উপজেলার সকল স্কুল-কলেজ, মাদ্রাসা, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান এবং বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের ০৩ টি গ্রুপে (ক. প্রাথমিক ও সমপর্যায়, খ. মাধ্যমিক ও সমপর্যায় এবং গ. উচ্চ মাধ্যমিক ও সমপর্যায় এবং তদুর্ধ্ব) উল্লিখিত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হল:

প্রতিযোগিতার নিয়মাবলী

- ক) ভিডিওটি প্রস্তুত করে নিম্নে প্রদত্ত ই-মেইল/পেন ড্রাইভ/ড্রাইভ লিংকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার- এর নিকট আগামী ১৬ জুলাই ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। তবে, এক্ষেত্রে ড্রাইভ লিংকের এক্সেস পাবলিক ভিউ থাকতে হবে;
- খ) ভিডিও ধারণের ক্ষেত্রে যেকোন মোবাইল ফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে;
- গ) মোবাইলে ভিডিওটি ধারণের ক্ষেত্রে আড়াআড়িভাবে (১৬:৯ অনুপাত) করতে হবে;
- ঘ) ভিডিও ধারণের সময় স্থির ভিডিও পেতে ট্রাইপড বা স্ট্যান্ড ব্যবহার করা সব থেকে সুবিধাজনক হবে;
- ঙ) ভিডিও ধারণের সময় অপ্রয়োজনীয় শব্দ (নয়েজ) বাদ দিতে হবে;
- চ) ভিডিওতে বক্তব্য স্পষ্ট হতে হবে;
- ছ) কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার থেকে বিরত থাকতে হবে;
- জ) ভিডিওটির ব্যাপ্তি সর্বোচ্চ ০১ মিনিট হতে হবে;
- ঝ) ভিডিও সম্পাদনার সময় লক্ষ্য রাখতে হবে যেন দর্শকের দৃষ্টিকোণ থেকে যথাযথভাবে ভিডিওটি উপস্থাপিত হয়;
- ঞ) ভিডিওর মধ্যে প্রতিযোগীর নাম, শ্রেণি, প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম এবং মোবাইল নম্বর দিতে হবে; এবং
- ট) ভিডিও নির্মাণ সংক্রান্ত যেকোন পরামর্শ বা সহযোগিতা পেতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে।

যোগাযোগ: কেশব কুমার হালদার, সহকারী প্রোগ্রামার, মোবাইল নম্বর- ০১৭৪৫-০০৫৮৯০, ই-মেইল keshabcse@gmail.com

০৪/০৭/২০২৩
মির্জা ইমাম উদ্দিন

উপজেলা নির্বাহী অফিসার

নওগাঁ সদর, নওগাঁ

ফোন: ০১৭৩০-৪৬০০০৬

বিতরণ: (সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মাননীয় সংসদ সদস্য-৫০, নওগাঁ-০৫।
- ২। জেলা প্রশাসক, নওগাঁ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ।
- ৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ।
- ৫। উপজেলা----- অফিসার, নওগাঁ সদর, নওগাঁ।
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নওগাঁ সদর, নওগাঁ (তাকে বিজ্ঞপ্তিটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হলো)।
- ৭। উপজেলা শিক্ষা অফিসার, নওগাঁ সদর, নওগাঁ (তাকে বিজ্ঞপ্তিটি প্রাথমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হলো)।
- ৮। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নওগাঁ সদর, নওগাঁ। (তাকে বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ জানানো হলো)।
- ৯। চেয়ারম্যান----- ইউপি (সকল)।
- ১০। অফিস কপি/নোটিশ বোর্ড, এ কার্যালয়।